ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর
******

স-২৮৭০

জিরানীয়া, ১৬ সেপ্টেম্বর, ২০২৫

**স্বসহায়ক দলের 'রোশনী' অফিসের উদ্বোধন**

গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করতে হলে মহিলাদের স্বশক্তিকরণ করতে হবে। এই লক্ষ্যকে সামনে রেখে রাজ্য ও কেন্দ্রীয় সরকার বিভিন্ন প্রকল্পের মাধ্যমে স্বসহায়ক দলগুলিকে নিয়মিত উৎসাহ ও সহায়তা প্রদান করছে। এরফলে স্বসহায়ক দলগুলি ক্রমশ স্বনির্ভরতার পথে এগিয়ে চলেছে। গতকাল মজলিশপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত করইবন এলাকায় স্বসহায়ক দলের রোশনী অফিসের উদ্বোধন করে একথা বলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ। মোহনপুর গুরুকুল কমিউনিটি হলে এই অফিস উদ্বোধন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তিনি আরও বলেন, স্বসহায়ক দলের প্রতিটি সদস্যাকে দায়িত্ব নিয়ে কাজ করতে হবে, যাতে দল সুসংগঠিতভাবে ও দক্ষতার সঙ্গে এগিয়ে যায়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক অরূপ দেব এবং জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম। উপস্থিত ছিলেন বেলবাড়ি, পুরাতন আগরতলা, মান্দাই, হেজামারা, লেফুঙ্গা, মোহনপুর ও ডুকলি ব্লকের বিডিওগণ ও মজলিশপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান যতীন্দ্র দেবনাথ। ভালো কাজ ও সঠিক সময়ে ঋণ পরিশোধ করার জন্য দুটি স্বসহায়ক দলকে শংসাপত্র দিয়ে সম্মাননা জ্ঞাপন করা হয়। উল্লেখ্য, জিরানীয়া ব্লকের ছয়টি গ্রাম পঞ্চায়েত যথাক্রমে মজলিশপুর, কৃষ্ণনগর, কোবরা খামার, উত্তর মজলিশপুর, হরিজয় চৌধুরী পাড়া ও দুর্গানগর-এর ৩৪৫টি স্বসহায়ক দল নিয়ে রোশনী মহিলা ক্লাস্টার অফিসটি গঠিত হয়েছে।

*******